

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৩, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২২.০৬১— বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব  
অধ্যাপক মাওলানা মোহাম্মদ সালাহ উদ্দিন গত ০৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ইন্তেকাল করেন  
(ইন্মালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর।

২। অধ্যাপক মাওলানা মোহাম্মদ সালাহ উদ্দিন-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর  
স্বর্গের মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে  
মন্ত্রিসভার ২৪ মাঘ ১৪২৮/০৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

(৫৫৮৯)

মূল্য : টাকা ৪.০০

**মন্ত্রিসভার শোকপ্রস্তাব**

২৪ মাঘ ১৪২৮

ঢাকা: -----

০৭ ফেব্রুয়ারি ২০২২

বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব অধ্যাপক মাওলানা মোহাম্মদ সালাহ উদ্দিন গত ০৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ইন্তেকাল করেন (ইমালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর।

জনাব মোহাম্মদ সালাহ উদ্দিন ১৯৪৪ সালে নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলার হাজরাদী গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি কামেল, আদিব ও আদিব কামেল পরীক্ষায় প্রথম শ্রেণিতে প্রথম স্থান অর্জন করেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সঙ্গে স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্ন করেন। এরপর তিনি মদিনা বিশ্ববিদ্যালয় হতে ডিপ্লোমা ইন এরাবিক ডিগ্রি লাভ করেন।

বর্ণাঢ্য কর্মময় জীবনের অধিকারী অধ্যাপক মাওলানা মোহাম্মদ সালাহ উদ্দিন ঢাকা আলিয়া মাদরাসার শিক্ষক হিসাবে কর্মজীবন শুরু করেন। পরবর্তী সময়ে তিনি এই মাদরাসার ৪৪তম অধ্যক্ষ হিসাবে প্রায় এক দশক নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন শেষে অধ্যাপনা পেশা থেকে অবসর গ্রহণ করেন। তিনি ২০০৯ সালে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব নিযুক্ত হন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত উক্ত পদে অধিষ্ঠিত ছিলেন। জাতীয় মসজিদের খতিব ছাড়াও তিনি এক্সিম ব্যাংক, প্রাইম ব্যাংক, সাউথইস্ট ব্যাংক ও আইসিবি ব্যাংকের শরীয়া কাউন্সিলের চেয়ারম্যান এবং ঢাকা ব্যাংক, যমুনা ব্যাংক ও সিটি ব্যাংকের শরীয়াহ বোর্ডের সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন।

ব্যক্তিজীবনে মাওলানা মোহাম্মদ সালাহ উদ্দিন ছিলেন বিনয়ী, পরোপকারী, অমায়িক ও বন্ধুবৎসল একজন উদারনৈতিক মানুষ।

মাওলানা মোহাম্মদ সালাহ উদ্দিনের মৃত্যুতে দেশের ইসলামী জগতে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা; দেশ হারাল একজন ইসলামী চিন্তাবিদ ও শিক্ষাবিদকে।

মন্ত্রিসভা বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব অধ্যাপক মাওলানা মোহাম্মদ সালাহ উদ্দিন-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)